বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.ugc.gov.bd

মুজিব ১০০

স্মারক নং- ইউজিসি/রিসাপা/বাঃপ্রঃ/২০২০/৭১৫

তারিখ: ১৮ মাঘ ১৪২৭ / ০১ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের "৪৭তম বার্ষিক প্রতিবেদন ২০২০" এর জন্য তথ্য ছক অনুযায়ী পাবলিক বিশ্ববিদ্যালয় সমূহের তথ্য-উপাত্ত প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশ, ১৯৭৩ এর ১২ নম্বর ধারা অনুযায়ী কমিশনের বিগত বছরের কার্যক্রমের প্রতিবেদন পরবর্তী বছরের ১লা মার্চের মধ্যে সরকারের মাধ্যমে জাতীয় সংসদে উপস্থাপন করার বিধান রয়েছে। ১৯৭৩ সাল থেকে কমিশন যথাযথভাবে এ দায়িত্ব পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় দেশের সকল বিশ্ববিদ্যালয় ও কমিশনের ২০২০ সালের সার্বিক কর্মকান্ডের তথ্য-উপাত্ত ও পরিসংখ্যান সন্নিবেশপূর্বক ৪৭তম বার্ষিক প্রতিবেদন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সকল সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বোচ্চ গুরুত্বারোপপূর্বক নির্ধারিত সময়ে নির্ভুল তথ্য কমিশনে প্রেরণের মাধ্যমে সক্রিয় সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকালীন থেকে ৩১শে ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত এবং ১লা জানুয়ারি ২০২০ তারিখ থেকে ৩১শে ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত সময়কালে সম্পাদিত কর্মকান্ডের তথ্য নিম্নোক্তভাবে কমিশনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো:

(১) কমিশনের নির্ধারিত তথ্য ছক অনুযায়ী তথ্য-উপাত্ত ও পরিসংখ্যান প্রেরণ করতে হবে। তথ্য ছক কমিশনের ওয়েব সাইটে (www.ugc.gov.bd) ডাউনলোড সেবা বক্সের সকল ফরম-এ পাওয়া যাবে। তথ্য ছকে কোন প্রকার পরিবর্তন বা নিজস্ব কোনো ছক এবং কমিশনের পুরাতন ছক এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না (তথ্য ছকের অনুচ্ছেদ, সারণি এবং পরিসংখ্যানে উল্লেখিত তথ্য এক নজরের তথ্যের সাথে হুবহু মিল থাকতে হবে)।

(২) কমিশনের নির্ধারিত তথ্য ছক যথাযথভাবে পূরণপূর্বক হার্ড কপি ও সফট কপি **পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন** বরাবর আগামী ২৮শে ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। কমিশনের অন্য কোন বিভাগ/দপ্তর বরাবরে পাঠালে তা' গ্রহণযোগ্য হবে না। স্বাক্ষরযুক্ত হার্ড কপি স্পাইরাল বাইন্ডিং আকারে এবং সফট কপি **MS Word Format**-এ বাংলা **SutonnyMJ** ও ইংরেজি **The Times New Roman Font**-এ ই-মেইলে (director_research@ugc.gov.bd, shahin@ugc.gov.bd, mnazrul.ugc@gmail.com, srijan.ugc11@gmail.com) প্রেরণ করতে হবে।

(৩) তথ্য পাঠানোর সময়সীমা হবে ২৮শে ফেব্রুয়ারি ২০২১ এবং উক্ত তারিখের মধ্যে প্রেরিত তথ্য চূড়ান্ত বলে বিবেচিত হবে। বর্ণিত সময়সীমা অতিক্রান্ত হলে আপনার বিশ্ববিদ্যালয়ের তথ্য বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশ করা সম্ভব হবে না। প্রেরিত তথ্য-উপাত্ত ও পরিসংখ্যানে কোনো প্রকার ভুল বা অসংগতি থাকলে তার দায়ভার সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ওপর বর্তাবে।

(৪) তথ্য-উপাত্ত যাচাই-বাছাইয়ের জন্য তাৎক্ষণিক যোগাযোগের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তাকে (ডিলিং অফিসার) ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন প্রদানপূর্বক এই পত্র প্রাপ্তির ০৩ কার্যদিবসের মধ্যে তার পূর্ণাঙ্গ ঠিকানা (নাম, পদবি, ই-মেইল ও মোবাইল নম্বরসহ) **পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন** বরাবর হার্ড কপি এবং সফট কপি ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০১/০২/২০২১

মোঃ শাহীন সিরাজ
উপ-পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
ইমেইল: shahin@ugc.gov.bd
ফোন: ০২-৫৮১৬০২৪৫

SA
08/2/21

রেজিস্ট্রার
ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/শেরেবাংলা কৃষি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/কুমিল্লা/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ টেক্সটাইল/বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ইসলামি আরবি/চট্টগ্রাম মেডিকেল/রাজশাহী মেডিকেল/রবীন্দ্র/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল/শেখ হাসিনা/খুলনা কৃষি/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/সিলেট মেডিকেল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

Tahmina Rahman
08/02/2021
Programmer

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.ugc.gov.bd

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

স্মারক নং- ইউজিসি/রিসাপা/বাঃপ্রঃ/২০২০/৭১৫

তারিখ: ১৮ মাঘ ১৪২৭
০১ ফেব্রুয়ারি ২০২১

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আইএমসিটি বিভাগ, ইউজিসি।

৪৭তম বার্ষিক প্রতিবেদন ২০২০ এর জন্য প্রণীত পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের তথ্য ছক কমিশনের ওয়েবসাইটে আপলোডসহ নোটিশ বোর্ডে প্রদর্শন এবং ৪৬তম বার্ষিক প্রতিবেদন ২০১৯ এর তথ্য ছক মুছে (delete) ফেলার জন্য অনুরোধ করা হলো।

২। অতিরিক্ত পরিচালক, রিসাপা ডিভিশন, ইউজিসি।
৩। একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি।
৪। সহকারী সচিব, সদস্য (রিসাপা) মহোদয়ের দপ্তর, ইউজিসি।
৫। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (রিসাপা) মহোদয়ের দপ্তর, ইউজিসি।
৭-৮। সংশ্লিষ্ট নথি/মহানথি।

মোহাম্মদ নজরুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
ইমেইল: mnazrul.ugc@gmail.com
মোবাইল: ০১৭১১-২৭৭২৩৪